# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১২৯

৩৪/ ওয়ালা এবং হেবা (كتاب الولاء والهبة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ওয়ালা স্বত্ব বিক্রি করা বা হেবা করা নিষেধ।

باب ما جاء في النهي عن بيع الولاء وعن هبته

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ، سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَهَى عَنْ بَيْعِ الْوَلاَءِ وَعَنْ هِبَتِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ نَهَى عَنْ بَيْعِ الْوَلاَءِ وَعَنْ هِبَتِهِ وَقَدْ رَوَاهُ شُعْبَةُ وَسُفْيَانُ الثَّوْرِيُّ وَمَالِكُ بْنُ أَنَسٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ . وَيُرْوَى عَنْ شُعْبَةَ قَالَ لَوَدِدْتُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ دِينَارٍ حِينَ حَدَّثَ بِهَذَا الْحَدِيثِ أَذِنَ لِي حَتَّى كُنْتُ أَقُومُ إِلَيْهِ فَأُقَبِّلُ رَأْسَهُ . وَرَوَى يَحْيَى بْنُ سُلَيْمٍ هَذَا الْحَدِيثَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ وَهَمٌ وَهِمَ فِيهِ يَحْيَى بْنُ سُلَيْمٍ وَالصَّحِيحُ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . هَكَذَا رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى وَتَفَرَّدَ عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ بِهَذَا الْحَدِيثِ .

বাংলা

২১২৯. ইবন আবূ উমার (রহঃ) ....... আবদুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওয়ালা স্বত্ব বিক্রি করা ও হেবা করা নিষেধ করেছেন। সহীহ, ইবনু মাজাহ ২৭৪৭, ২৭৪৮, বুখারী, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১২৬ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। আবদুল্লাহ ইবন দীনার-ইবন উমার-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সনদ ছাড়া এটি সম্পর্কে আমরা অবহিত নই। শু’বা, সুফইয়ান ছাওরী এবং মালিক ইবন আনাস (রহঃ)-ও এটিকে আবদুল্লাহ ইবন দীনার (রহঃ)-এর বরাতে রিওয়ায়াত করেছেন। শু’বা (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ আবদুল্লাহ

ইবন দীনার (রহঃ) যখন হাদীসটি রিওয়ায়াত করেছিলেন তখন আমার মন চাইছিলো তিনি যদি অনুমতি দিতেন তবে তার কাছে উঠে গিয়ে তাঁর মাথায় চুমু খেতাম। ইয়াহইয়া ইবন সালিম এ হাদীসটি উবায়দুল্লাহ ইবন উমার-নাফি-ইবন উমার রাদিয়াল্লাহু আনহু-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সনদে বর্ণনা করেছেন। কিন্তু এতে বিভ্রন্তি রয়েছে। ইয়াহইয়া ইবন সালিম এতে বিভ্রান্তি ঘটিয়েছেন। সহীহ সনদ হল উবায়দুল্লাহ ইবন উমার-আবদুল্লাহ ইবন দীনার-ইবন উমার রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। একাধিক রাবী উবায়দুল্লাহ ইবন উমার (রহঃ) থেকে বর্ণনা করেছেন। আবদুল্লাহ ইবন দীনার এ হাদীসটির রিওয়ায়াত ক্ষেত্রে একা ছিলেন।

## English

'Abdullah bin 'Umar narrated that :

the Messenger of Allah (ﷺ) prohibited selling the Wala' and [from] conferring it.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. We do not know of it except as a narration of 'Abdullah bin Dinar from Ibn 'Umar from the Prophet (ﷺ). Shu'bah, Sufyan Ath-Thawri, and Malik bin Anas (also) reported it from 'Abdullah bin Dinar. It has been related that Shu'bah said: "I so wished that 'Abdullah bin Dinar would permit me when he narrated this Hadith that I stand-up, so that I kiss his head." And Yahya bin Sulaim reported this Hadith from 'Ubaidullah bin 'Umar from Nafi', from Ibn 'Umar from the Prophet (ﷺ). But this is mistaken, Yahya bin Sulaim erred in it, what is correct is: "From 'Ubaidullah bin 'Umar, from 'Abdullah bin Dinar, from Ibn 'Umar from the Prophet (ﷺ). This is how it is reported by more than one narrator from 'Ubaidullah bin 'Umar.

[Abu 'Eisa said:] And 'Abdullah bin Dinar is alone with this Hadith.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37484

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন